# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৩৪৬

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৯. অপবিত্র অবস্থায় বা উযু ছুটে যাওয়া অবস্থায় ইমামের নামায

بَابُ صَلَاةِ الْإِمَامِ وَهُوَ جُنُبٌ أَوْ مُحْدِثٌ

আরবী

حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الْبَزَّازُ ، ثَنَا أَحْمَدُ بْنُ بُدَيْلٍ ، ثَنَا مُفَضَّلُ بْنُ صَالِحٍ ، ثَنَا سِمَاكُ بْنُ حَرْبٍ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ : صَلَّيْنَا مَعَ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ صَلَاةً مَكْتُوبَةً فَضَمَّ يَدَهُ فِي الصَّلَاةِ فَلَمَّا صَلَّى قُلْنَا : يَا رَسُولَ اللَّهِ ، أَحْدَثَ فِي الصَّلَاةِ شَيْءٌ ؟ قَالَ : " لَا ، إِلَّا أَنَّ الشَّيْطَانَ أَرَادَ أَنْ يَمُرَّ بَيْنَ يَدَيَّ فَخَنَقْتُهُ حَتَّى وَجَدْتُ بَرْدَ لِسَانِهِ عَلَى يَدِي وَايْمُ اللَّهِ لَوْلَا مَا سَبَقَنِي إِلَيْهِ أَخِي سُلَيْمَانُ لَارْتُبِطَ إِلَى سَارِيَةٍ مِنْ سَوَارِي الْمَسْجِدِ حَتَّى يُطِيفَ بِهِ وِلْدَانُ أَهْلِ الْمَدِينَةِ

বাংলা

১৩৪৬(১৫). ইয়াকূব ইবনে ইবরাহীম আল-বায্‌যায (রহঃ) ... জাবের ইবনে সামুরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে এক ওয়াক্তের ফরয নামায পড়লাম। তিনি নামাযে নিজের হাত মুষ্টিবদ্ধ করলেন। নামাযশেষে আমরা বললাম, ইয়া রাসূলাল্লাহ! নামাযে কি কিছু ঘটেছে? তিনি বলেনঃ না, তবে শয়তান আমার সামনে দিয়ে অতিক্রম করতে চেয়েছিল। অতঃপর আমি তার গলা চেপে ধরলাম, এমনকি তার জিহ্বার ঠাণ্ডা আমার হাতে অনুভব করলাম। আল্লাহর শপথ! যদি আমার ভাই সুলায়মান (আ.) আমার আগে তার উপর বিজয়ী না হতেন, তাহলে আমি তাকে মসজিদের কোন খুঁটির সাথে বেঁধে রাখতাম, যাতে মদীনার শিশুরা এটাকে নিয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াত।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81135

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন